গাংনী উপজেলা যুবদলের সাবেক সভাপতি আক্তারের মৃত্যু:: জেলা ও উপজেলা বিএনপি’র শোক

মেহেরপুরের গাংনী উপজেলা যুবদলের সাবেক সভাপতি আক্তারুজ্জামান আক্তার মৃত্যু রবণ করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না লিল্লাহি রাজিউন)। শুক্রবার ভোর ৫ টায় হৃদরোগে আক্রান্ত হয়ে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে তার মৃত্যু হয়। আক্তারুজ্জামান আক্তার সাহারবাটি ইউনিয়নের জোড়পুকুর গ্রামের মৃত কুদ্দুস মালিথার ছেলে।

সে বর্তমানে গাংনী উপজেলা বিএনপির সহ সাংগঠনিক সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করে আসছিলেন।
আক্তারুজ্জামান আক্তারের ভগ্নিপতি শফিউল ইসলাম জানান,আক্তারুজ্জামান আক্তার দীর্ঘদিন যাবত গাংনী পৌর এলাকার ফজলুল হক কিন্ডার গার্ডেনের পাশের একটি বাড়িতে বসবাস করতো। শুক্রবার ভোর ৪ টায় হঠাৎ বুকে ব্যাথা অনুভব করার কারনে অ্যাম্বুলেঞ্চ যোগে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নেওয়ার পরপরই তার মৃত্যু হয়।

৫ ভাই ও ৩ বোনের মধ্যে আক্তারুজ্জামান আক্তার মেজো। মৃত্যুকালে স্ত্রী,দুটি মেয়ে,ভাই,বোন আন্ত্রীয় স্বজন সহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছে গেছেন।

তার মৃত্যুতে মেহেরপুর জেলা বিএনপি’র সভাপতি মাসুদ অরুন ও সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন এক প্রেস বিজ্ঞপ্তিতে শোক প্রকাশ করেছেন।

এ দিকে আর এক প্রেস বিজ্ঞপ্তিতে শোক প্রকাশ করেন গাংনী উপজেলা বিএনপি’র সভাপতি রেজাউল হক ও সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু।

এ ছাড়াও বিএনপি ও এর অঙ্গ সংগঠনের নেতা কর্মীরা সহ বিভিন্ন শ্রেনী পেশার মানুষ শোক প্রকাশ করেছেন।

আলমডাঙ্গায় জুয়ার আসর থেকে ৬ জুয়াড়ি আটক

আলমডাঙ্গায় জুয়ার আসর থেকে ৬ জুয়াড়িকে আটক করেছে পুলিশ। বুধবার দিনগত গভীর রাতে তাদেরকে সোনাতনপুর গ্রাম থেকে আটক করা হয়। এ সময় তাস ও জুয়ার সামগ্রী উদ্ধার করে পুলিশ।

আটককৃতরা হলেন, সোনাতনপুর গ্রামের বোরাহান মন্ডলের ছেলে রশিদুল ইসলাম, একই গ্রামের মৃত মিন্টু মিয়ার ছেলে মিল্টন, মুনছুর আলীর ছেলে চাঁদ মিয়া, আব্দুল খালেকের ছেলে রবকুন হোসেন, ওহিমুদ্দিনের ছেলে আকরাম হোসেন ও আব্দুল হান্নানের ছেলে রিপনুজ্জামান।

অভিযানে নেতৃত্ব দেওয়া মুন্সিগঞ্জ পুলিশ ক্যাম্পের আইসি আব্দুল গাফ্ফার জানান, গ্রামটিতে অনেকগুলো জুয়াড়ি রয়েছে। তারা জুয়ার আসর বসানোতে এলাকায় চুরি-চামারিও বেড়ে গেছে।

আটক ৬ জনকে সংশ্লিষ্ট মামলায় আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো হয়েছে।

কোটচাঁদপুরে বিদ্যুৎস্পৃষ্টে নারীর মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুরে বিদ্যুৎস্পৃষ্টে শাহানাজ বেগম (৪৫) নামে এক স্বামী পরিত্যক্তা নারীর মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার বিকাল ৩ টার দিকে উপজেলার জগোদেশপুর গ্রামে এ দুর্ঘটনা ঘটে। নিহত শাহানাজ একই গ্রামের মৃত মুরাদ আলীর মেয়ে।

স্থানীয় সূত্রে জানাযায়, উপজেলার এলাঙ্গী ইউনিয়নের জগোদেশপুর গ্রামের মৃত মুরাদ আলীর মেয়ে স্বামী পরিত্যক্তা শাহানাজ বেগম বাবার বাড়িতে বসবাস করতেন।

বৃহস্পতিবার বিকালে ঘরের সামনে একটি আমড়া গাছ থেকে আমড়া

পাড়ছিলেন। এ সময় তিনি ঘরের টিনের উপরে পড়ে যান। এবং টিনের সাথে বিদ্যুতের তারে বিদ্যুৎস্পৃষ্ট হয়। এতে ঘটনাস্থলেই ওই নারীর মৃত্যু হয়।

কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, খবর পেয়ে আমি ঘটনাস্থল পরিদর্শন করেছি।

দামুড়হুদার বিষ্ণপুর বাজারে ৯জন কে জরিমানা

দামুড়হুদার বিষ্ণপুর বাজারে ভ্রাম্যমাণ আদালত অভিযান চালিয়ে ৯জন কে জরিমানা করেছে।

গতকাল বেলা ১১টার সময় দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট দিলারা রহমান এ আদালত পরিচালনা করেন।

আদালত সূত্রে জানা যায়, করোনা দুর্যোগ মোকাবেলায় সরকারি নির্দেশনা অমান্য করার অপরাধে দণ্ডবিধি ১৮৬০সালের ১৮৮ধারায় বিষ্ণপুর গ্রামের মাসদু রানা কে ১হাজার টাকা, আলামিন কে ৫শ টাকা, হাবিবুর, জিনারুল, হান্নান, আলম মোল্লা, আমিনুল, শহর আলি ও ইকরামুল কে ৫০টাকা করে জরিমানা করেছে আদালতের বিচারক দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট দিলারা রহমান।

আদালতে দণ্ডপ্রাপ্তরা তাদের উপর ধার্যকৃত জরিমানার অর্থ নগদে পরিষোধ করে। এ সময় নির্বাহী ম্যাজিস্ট্রেট মাস্ক বিতরণ করেন।

আদালত পরিচালনা কাজে সহযোগিতা করেন উপজেলা নির্বাহী অফিসের সার্টিফিকেট সহকারী জিহন আলি,অফিস সহকারী রফিকুল ইসলাম প্রমুখ।

কুড়ুলগাছির দূর্গাপুরে গর্তে মাটি চাপা পড়ে বৃদ্ধের মর্মান্তিক মৃত্যু

দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়নের দূর্গাপুর গ্রামের মাঠে গরু নিয়ে গিয়ে গর্তের মাটি চাপা পড়ে আব্দুস ছাত্তার (৬০) নামের এক বৃদ্ধের মর্মান্তিক মৃত্যু হয়েছে। মৃত আব্দুস ছাত্তার কুড়ুলগাছি ইউনিয়নের দূর্গাপুর গ্রামের মৃত মানিক মন্ডলের ছেলে।

স্থানীয়রা জানান, গতকাল বিকাল ৩ টার দিকে রাইসা বিলের কাছে বালিগর্তে নিজের গরু মাঠে ঘাস খাওয়াতে যায়। এ সময় গরুগুলো মাঠের পাশে একটিবালু গর্তে গেলে ছাত্তার নিজ গরু গর্তে থেকে উঠাতে গেলে মাটি ধসে মাথায় পড়ে।

এ সময় তিনি আর উঠতে না পারলে ঘটনাস্থলে মারা যান। স্থানীয়রা বিষয়টি টের পেলে তাকে দ্রুত উদ্ধার করে গর্ত থেকে মরদেহ উপরে নিয়ে আসে। এ বিষয়ে কুড়ুলগাছি ইউনিয়নের ৪নং ওয়ার্ড সদস্য সিদ্দিক আলী সাংবাদিকদের জানান, আব্দুস ছাত্তার গরু নিয়ে মাঠে যায়।

এ সময় গরু একটি গর্তে নামলে ওনি গরু গর্ত থেকে উঠাতে নামে। পরে মাটি ধসে মাটির নিচে পড়ে গেলে মাথাটা আর উঠাতে পারেনি। আসলে নরম মাটির কারণে মাথাটা পুতে যায় ফলে দম বন্ধ হয়ে মারা যান।

কুষ্টিয়ায় ব্রি উদ্ভাবিত আউশ ধানের জাতের উপর মাঠ দিবস

ব্রি উদ্ভাবিত আমন মৌসুমের আধুনিক ধানের জাত ব্রি ধান ৮৫ এর প্রদর্শনীর উপর মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বিকেলে কুষ্টিয়ার মিরপুর উপজেলার তালবাড়ীয়া ইউনিয়নের নওদা শামুখিয়া এলাকায় ব্রি-ধান-৮৫’র কর্তন ও মাঠ দিবস অনুষ্ঠিত

হয়েছে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলে জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রশিক্ষণ অফিসার কৃষিবিদ সুশান্ত কুমার প্রামানিক।

এ সময় তিনি চাষীদের উদ্দেশ্যে বলেন, বর্তমান সরকার কৃষিবান্ধব। কৃষিক্ষেত্রে উন্নতির জন্য সরকার নানামুখী পদক্ষেপ নিয়েছে। নতুন প্রযুক্তিতে উদ্ভাবিত ব্রি ধান-৮৫ চাষে অন্য ধানের তুলনায় দ্বিগুণ ধান উৎপাদন সম্ভব। প্রচলিত জাত ব্রি ধান৪৮ থেকে ব্রি ধান৮৫ এর দানা চিকন ও বাজার মূল্য বেশি থাকায় কৃষকরা লাভবান হবেন।

তিনি আরও বলেন, আউশে দুর্যোগ কম হয়। প্রাকৃতিক বৃষ্টির ফলে সেচ কম লাগে। তাই এই ধান বেশি বেশি করে লাগাতে হবে। নতুন নতুন ধানের জাত উদ্ভাবনের জন্য নিরলসভাবে কাজ করে চলেছে ধান গবেষণা ইন্সটিটিউট। ঠিক নিয়মে চাষাবাদ করতে পারলে এবং আবহাওয়া অনুকূলে থাকলে প্রতিবছরই কৃষক ভালো ফলন পাবেন বলে তিনি মনে করেন।

বাংলাদেশ ধান গবেষণা ইন্সটিটিউট কুষ্টিয়ার আঞ্চলিক কার্যালয়ের প্রধান ও বৈজ্ঞানিক কর্মকর্তা দেওয়ান মাহবুব রহমানের সভাপতিত্বে অন্যদের মধ্যে ছিলেন, বাংলাদেশ ধান গবেষণা ইন্সটিটিউট কুষ্টিয়া আঞ্চলিক কার্যালয়ের বৈজ্ঞানিক কর্মকর্তা মো: আফসানা আনছারী, ব্রি কুষ্টিয়ার এসও মোহাম্মদ রেজোয়ান বিন হাফিজ, তালবাড়ীয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল হান্নান মন্ডল, ইউপি সদস্য আব্দুল ওহাব, ইউনিয়ন উপ-সহকারী কৃষি কর্মকর্তা আসাদুল ইসলাম, শিহাবুল ইসলাম, আকরাম হোসেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ধান গবেষণা ইন্সটিটিউট কুষ্টিয়া (ব্রি) বৈজ্ঞানিক কর্মকর্তা কৃষিবিদ ইফতেখার উদ্দিন জিতু।

সভাপতির বক্তব্যে বাংলাদেশ ধান গবেষণা ইন্সটিটিউট কুষ্টিয়ার আঞ্চলিক কার্যালয়ের প্রধান ও বৈজ্ঞানিক কর্মকর্তা দেওয়ান মাহবুব রহমান বলেন, দেশের কৃষি বিজ্ঞানীরা নানা ফসলের নতুন নতুন উন্নত জাত উদ্ভাবনে নিরলস গবেষণা চালিয়ে যাচ্ছেন। আউশের জন্য কুষ্টিয়া জেলা খুবই ভালো। ১৯ টা ডিভিশনের মধ্যে কুষ্টিয়া ভ্যারাইটি ধানের জন্য এই ৮৫ ধানের জাত বেশ উপকারী।

সার কম লাগে উল্লেখ করে তিনি আরও বলেন, কৃষকরা যেন অল্প জমিতে বেশি ধান উৎপাদন করতে পারে এবং খরচ কম হয় সেই চিন্তা করে। তাই

কৃষকদের সার খরচ কম লাগে বলে বেশি বেশি করে এই নতুন জাতের ধান চাষ করার আহবান জানান তিনি।

তালবাড়ীয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল হান্নান মন্ডল বলেন,তালবাড়ীয়া ইউনিয়নের তিনভাগের মধ্যে দুই ভাগ পদ্মা নদী গর্ভে চলে গেছে। তাই স্বল্প জমিতে বেশি ধান উৎপাদন করা যায় এর উপর গুরুত্বারোপ করেন তিনি। মাঠ দিবস অনুষ্ঠানে কৃষক কৃষানীরা উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় সর্বোচ্চ ১০১ জনের করোনা শনাক্ত

চুয়াডাঙ্গায় একদিনে সর্বোচ্চ ১০১ জনের করোনা শনাক্ত হয়েছে। এ নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা হলো ৭৮৯ জন। বৃহস্পতিবার সকালে প্রথম দফায় ৭১ টি এবং রাতে আরো ৩০টি পজিটিভ রিপোর্ট এসেছে বলে জানান চুয়াডাঙ্গার সিভিল সার্জন ডা. এএসএম মারুফ হাসান বিষয়টি নিশ্চিত করেন।

সিভিল সার্জন জানান, গত ২৪ ঘন্টায় কুষ্টিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালের পিসিআর ল্যাব থেকে ১৫৬ জনের নমুনা প্রতিবেদন পাওয়া গেছে। এর মধ্যে ৭১ জনের করোনা পজেটিভ। তিনি জানান, গত এক মাসে জেলায় আশঙ্কাজনক হারে করোনা আক্রান্তদের সংখ্যা বাড়ছে। ইতোমধ্যেই আক্রান্ত হয়েছে ৭৫৯ জন। এর মধ্যে সুস্থ হয়েছেন ৩৭৩ জন ও মারা গেছেন ১৩ জন।

তিনি আরও জানান, নতুন আক্রান্তদের মধ্যে চুয়াডাঙ্গা সদর উপজেলার ৩৭ জন, জীবননগর উপজেলার ১৩ জন, আলমডাঙ্গা উপজেলার ১৯ জন ও দামুড়হুদা উপজেলার ২ জন রয়েছেন। বর্তমানে চুয়াডাঙ্গা সদর হাসপাতালের আইসোলেশন ওয়ার্ডে ৩৮ জন ও হোম আইসোলেশনে ৩৩৩ জন চিকিৎসা নিচ্ছেন।

এদিকে রাতে নতুন করে আরও ৩০ জনের করোনা পজিটিভ রিপোর্ট এসেছে। এ নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা হলো ৭৮৯। আক্রান্তদের

মধ্যে সদর উপজেলার কুতুবপুর গ্রামে একজন, সাদেকআলী মল্লিকপাড়ায় একজন, শান্তিপাড়ায় দুইজন, শংকরচন্দ্র গ্রামে একজন, ঝিনাইদহ বাসস্ট্যান্ড পাড়ায় একজন, দৌলতদিয়া গ্রামে দুইজন, ফার্মপাড়ায় একজন, বড়বাজার পাড়ায় একজন, আরামপাড়ায় দুইজন, সাতগাড়ির তিনজন, গাইদঘাট গ্রামের তিনজন, মহিলাকলেজ পাড়ায় একজন ও রাজাপুর গ্রামে একজন।

এছাড়া আলমডাঙ্গা উপজেলায় পুরাতন পাচলিয়া গ্রামের একজন, হাটবোয়ালিয়া গ্রামের একজন, কোর্টপাড়ায় একজন ও আলমডাঙ্গা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে একজন, জীবননগর উপজেলায় আশতলাপাড়ায় একজন, জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে একজন ও গকুলনগরে একজন এবং দামুড়হুদা উপজেলায় কানাইডাঙ্গা গ্রামে দুইজন, ও দামুড়হুদা স্বাস্থ্য কমপ্লেক্সে একজন।

দামুড়হুদার নাটুদহ ইউনিয়নে বিট পুলিশং কার্যক্রম উদ্বোধন

“মুজিববর্ষের অঙ্গীকার পুলিশ হবে জনতার” এই স্লোগানকে সামনে রেখে আইনী সহায়তা মানুষের দোর গোড়ায় পৌঁছে দেওয়ার জন্য দামুড়হুদা মডেল থানার পক্ষে থেকে ০৮ নং নাটুদহ ইউনিয়নে বিট পুলিশং কার্যক্রম উদ্বোধন করা হয়।

বৃহস্পতিবার ৬ আগস্ট দুপুর সাড়ে ১২ টার দিকে বিট পুলিশিং কার্যক্রম উদ্বোধনে উপস্থিত ছিলেন সিনিয়র সহকারী পুলিশ সুপার দামুড়হুদা সার্কেল জনাব, মো: আবু রাসেল ।

অনুষ্ঠানে এলাকায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ, বাল্য বিবাহ রোধ, নারী নির্যাতন, ইভটিজিং রোধকল্পে বিট পুলিশ পুলিশিং কার্যক্রম চালু করা হয়।

সর্বপরি এলাকার মানুষের কষ্ট লাঘবের জন্য এবং পুলিশি সেবা মানুষের দোর গোড়ায় পৌঁছে দেওয়ার লক্ষ্যে বিট পুলিশিং কার্যক্রম উদ্বোধন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আব্দুল খালেক, আইসি নাটুদহ পুলিশ ক্যাম্প আরও উপস্থিত ছিলেন ০৮ নং নাটুদহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, বিভিন্ন ওয়ার্ডের ইউপি সদস্য ও স্থানীয় বিভিন্ন গণ্যমান্য ব্যক্তিবর্গ।

জীবননগর উপজেলার মনোহরপুর বিট পুলিশিং কার্যক্রমের উদ্বোধন

“মুজিববর্ষের অঙ্গীকার পুলিশ হবে জনতার” এ শ্লোগানকে সামনে রখে জীবননগর উপজেলার মনোহরপুর বিট পুলিশ কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার (৬আগষ্ট) সকাল সাড়ে ১০টার সময় জীবননগর থানা পুলিশের আয়োজনে জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলামের সভাপতিত্বে মনোহরপুর ইউনিয়ন পরিষদের হলরুমে মনোহরপুর ইউনিয়ন এলাকায় বিট পুলিশিং কার্যক্রমের উদ্বোধন করেন সিনিয়র সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা-জীবননগর সার্কেল) আবু রাসেল।

উদ্বোধন শেষে সারাদেশে করোনায় পুলিশ সদস্যসহ যারা মারা গেছেন তাদের আত্মার মাগফেরাত কামনা করা হয়। এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মনোহরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন খাঁন, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি তদন্ত) ফেরদৌস ওয়াহেদ, জীবননগর প্রেসক্লাবের যুগ্ন সাধারণ সম্পাদক আকিমুল ইসলাম,

উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আশরাফ আলী, মনোহরপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি গোলাম রসুল, সাধারণ সম্পাদক আহসান হাবীব, মনোহরপুর ইউনিয়ন আওয়ামী যুবলীগের সাধারণ সম্পাদক ফজলুল হক, জীবননগর থানার কর্মকর্তা কর্মচারীসহ সুশীল সমাজের প্রতিনিধিসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

উপজেলায় ১টি পৌরসভা ও ৮টি ইউনিয়নে মোট ১১টি বিট পুলিশিং

কার্যালয় থাকবে। প্রধান অতিথির বক্তব্যে সিনিয়র সহকারী পুলিশ সুপার আবু রাসেল বলেন, পুলিশের একার পক্ষে সব অপরাধ দমন করা সম্ভব নয়, দরকার জনগনের আন্তরিকতা ও সহযোগিতা। যে কোন অপরাধের তথ্যাদি নির্ভয়ে আমাকে জানান, আপনাদের জন্য আমার ফোন দিন রাত ২৪ ঘন্টা খোলা।

মেহেরপুরে আজ নতুন করে ১০ জন করোনায় আক্রান্ত

মেহেরপুরে আজ নতুন করে ১০ জন করোনায় আক্রান্ত

বৃহস্পতির রাত ৮.৩০ টায় এ তথ্য নিশ্চিত করেছেন সিভিল সার্জন ডা: মো: নাসির উদ্দীন। নতুন প্রাপ্ত রিপোর্টের সংখ্যা = ২৯টি
১০ টি পজিটিভ (সদর-৬, গাংনী -৪) বাকিগুলো নেগেটিভ।
বিভিন্ন সূত্রে পাওয়া আক্রান্তরা হলেন শাহিনুর রহমান (৩৬) উত্তরা ব্যাংক, আব্দুর রহমান (৩৮) শিশু পরিবার, ডা. শোভোন মল্লিক, সদর হসপিটাল, শরিফা খাতুন (৫৫) হোটেল বাজার, আহম্মদ আলী (৪২) আনন্দবাস, আমিনুল ইসলাম (৩৮) পাকুড়িয়া, উজ্জল হোসেন (৩০) বেদবাড়িয়া, কানিজ ফাতেমা (১৮) সহড়াবাড়িয়া, সুনীতি রানি সরকার
(৩৯) । বাকি একজনের পরিচয় পাওয়া যায়নি।